JUL 01 2002

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৬

## আ'লীগ আমলের ১২টি বিশ্ববিদ্যালয়

# ৯টিরই নির্মাণকাজ বন্ধ করে দিয়েছে জোট সরকার

রাশেদ আহমেদ ॥ গত সরকারের আমলে বাস্তবায়নাধীন ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৯টি বিশ্ববিদ্যালয় স্থাপনের কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয় বন্ধ করে দিয়েছে। বাকি ৩টি দিনাজপুরের হাজি দানেশ, টাঙ্গাইলের সন্তোষে মওলানা ভাসানী এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নির্মাণকাজ চলছে ধীরগতিতে। গত আওয়ামী লীগ সরকার ৯ হাজার ৫৭ কোটি ১৬ লাখ টাকা বাজেট ধরে দেশের ১২টি পুরাতন বৃহত্তর জেলায় (যেখানে কোন বিশ্ববিদ্যালয় নেই) একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করার প্রকল্প হাতে নিয়েছিল। সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে এ প্রকল্প বাস্তবায়ন করার কথা ছিল। সে পরিকল্পনা অনুযায়ী ১২টি জেলাও নির্বাচন করা হয়। প্রথম পর্যায়ে গোপালগঞ্জ, টাঙ্গাইল, দিনাজপুর, রংপুর, পটুয়াখালী ও পার্বত্য চট্টগ্রাম এ ৬টি জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজও শুরু করা হয়। ৮শ' কোটি টাকা ব্যয়ে ভূমি অধিগ্রহণ ও অবকাঠামো নির্মাণের কাজও চলতে থাকে।

দ্বিতীয় পর্যায়ে কুমিল্লা, যশোর, বরিশাল, নোয়াখালী, বগুড়া ও পাবনা এ ৬টি জেলায় বিশ্ববিদ্যালয় করার জন্যে তালিকাভুক্ত ছিল।

দেশের উচ্চ শিক্ষাকে গণমুখী ও অধিক

বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ২ কঃ ৫

বিশ্ববিদ্যালয় ঃ আ'লীগ আমলের
( ১ম পৃষ্ঠার পর )

বিজ্ঞানভিত্তিক করার লক্ষ্যে এ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করার প্রকল্প হাতে নেয়া হয়েছিল। শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানিয়েছে, বর্তমান সরকার ক্ষমতায় এসে বাস্তবায়নাধীন ৬টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ফরিদপুর, পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটি ও রংপুরের কারমাইকেল কলেজের পাশে এ ৩টি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ বন্ধ করে দেয়। যেহেতু হাজি দানেশ, সন্তোষে মওলানা ভাসানী ও পটুয়াখালী এ ৩টি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শেষ পর্যায়ে তাই এগুলোর নির্মাণকাজ অব্যাহত রাখা হয়েছে। আগামী বছর থেকে এ ৩টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাবর্ষ শুরু হতে পারে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, দ্বিতীয় পর্যায়ে বাস্তবায়নাধীন ৬টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করার কোন আগ্রহ বর্তমান সরকারের নেই। ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কোন কর্মকর্তা মুখ খুলতে চান না। এ ব্যাপারে শিক্ষা সচিবেরও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

সাবেক শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের কাছে এ সম্পর্কে প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি বলেন, আমি শুনেছি, বর্তমান সরকার আমাদের নেয়া প্রকল্পগুলো বাস্তবায়নে আগ্রহ দেখাচ্ছে না। তিনি বলেন, ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প বাস্তবায়ন না করে সরকার অন্যায় করবে।